



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৩১/২০১৬/২০৭০২

তারিখঃ ২৩ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

গুটিবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: ছড়ান, উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২১ খ্রিঃ তারিখ থেকে ২৬.০৪.২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
২. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৩. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে বঙ্গবন্ধু কর্ণারকে সমৃদ্ধ করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসমুখী করতে হবে। বিশেষ করে ফাজিল শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্লাসমুখী করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৫. শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৬. ছাত্র-ছাত্রীদের পোষাক ও আদব-আখলাকের প্রতি লক্ষ্য রাখতে হবে।
৭. ফাইল নোটের মাধ্যমে ব্যাংকের লেনদেন করতে হবে।
৮. কলমনার ক্যাশবইতে যথাযথভাবে পূরণ করতে: আয়-ব্যয়ের ভাউচারের রসিদ সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে।
৯. মাদরাসার ক্যাম্পাসকে পরিষ্কার পরিচ্ছন্ন ও ফুলগাছ লাগিয়ে দৃষ্টিনন্দন করতে হবে।
১০. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১১. অধিভুক্তির নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Dono 07.09.2022

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অ.দা)

মোবাইলঃ ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ,

গুটিবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: ছড়ান, উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৩১/২০১৬/২০৭০২

তারিখঃ ২৩ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু জিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গুটিবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: ছড়ান, উপজেলা: মিঠাপুকুর, জেলা: রংপুর।
৭. অফিস নথি।

Sabbir 07.09.2022

(মোঃ আবদুল হান্নান)

সেকশন অফিসার

মোবাইলঃ ০১৮৪২-৮১৬৯২০

ই-মেইল: sabbir.iau.bd@gmail.com